

## প্রেস বিজ্ঞপ্তি

এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ কর্তৃক আজ ২২/৬/২০১৯ তারিখে ব্র্যাক বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে ‘Preventing Terrorism and Extremism through Community Engagement’ শীর্ষক দিনব্যাপী সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়। এন্টি টেররিজম ইউনিট এর উদ্যোগে ও কমিউনিটি ডেভেলপমেন্ট ফর পীস এর আয়োজনে এই অনুষ্ঠানে বিভিন্ন স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসার শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন মোঃ দিদার আহমেদ, বিপিএম, পিপিএম, ডিআইজি, এটিইউ। যুবসমাজ বিশেষ করে শিক্ষার্থীদের জঙ্গিবাদ ও সহিংস উগ্রবাদের ভয়ানক পরিণতি, এ সংক্রান্ত অপতৎপরতা রোধে করণীয় ও প্রতিরোধের কর্মকৌশল সম্পর্কে এই সেমিনারে বিস্তারিত আলোচনা করা হয়। সেমিনারে রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য উপস্থাপন করেন মোঃ মনিরুল ইসলাম বিপিএম, পিপিএম, ডিআইজি কাউন্টার টেররিজম এ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট, খন্দকার লুৎফুল কবির, পিপিএম, কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, মোঃ মনিরুজ্জামান বিপিএম, পিপিএম অ্যাডিশনাল ডিআইজি, এটিইউ। সেমিনারে আরও বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ ভিনসেন্ট চ্যাং, প্রফেসর ডঃ ফুয়াদ হাসান মল্লিক এবং প্রফেসর ডঃ যায়নাব ফারুকী আলী। মার্কিন রাষ্ট্রদূত Mr. Earl R. Miller, ভারপ্রাপ্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনার Ms. Penny Morton, ভারপ্রাপ্ত ব্রিটিশ হাইকমিশনার Mr. Kanbar Hossein Bor অনুষ্ঠানে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের সাথে অভিজ্ঞতা বিনিময় করেন। সিনিয়র ল এনফোর্সমেন্ট এ্যাডভাইজার ও প্রোগ্রাম ডিরেকটর ইসিটাপ, Mr. Karl Clark ও ব্রিটিশ হাইকমিশনের সেকেন্ড সেক্রেটারি Ms. Lucy Daley ও পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্মশালায় শিক্ষার্থীদের সাথে মত বিনিময় করেন। দিনব্যাপী এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও গণমাধ্যম সাংবাদিকবৃন্দ। কর্মশালা শেষে অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট জনাব মোহাম্মদ আবুল কাশেম, পিপিএম জঙ্গিদমনে এন্টি টেররিজম ইউনিটের অধিক্ষেত্র, আইনগত বাধ্যবাধকতা ও জনগণের দায়বদ্ধতা সম্পর্কে আলোকপাত করেন। তিনি অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আশাবাদ ব্যক্ত করেন যে, জনসম্পৃক্ততায় জঙ্গিমুক্ত নিরাপদ বাংলাদেশ বিনির্মাণে দেশী-বিদেশী সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতা অব্যাহত থাকবে।

কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থী এবং পেশাজীবীদের সমন্বয়ে গঠিত দলীয় উপস্থাপনায় প্রাপ্ত মতামত পর্যালোচনা করে পরবর্তীতে তা পুস্তিকা আকারে প্রকাশ করে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ করা হবে।